

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩

স্নাতক ১ম বর্ষের ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন-২০১৬

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/০৩/২০১৬ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০-০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবে। উক্ত পরিচিতি সভায় (Orientation) পুরকৌশল (CE), তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল (EEE), যন্ত্রকৌশল (ME), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ECE), ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (IEM), আরবান এন্ড রিজিওনাল প্লানিং (URP), লেদার ইঞ্জিনিয়ারিং (LE), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (TE), বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (BECM) এবং বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং (BME) বিভাগের ১ম বর্ষ ১ম টার্মে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রীদের উপস্থিত থাকার জন্য বলা যাচ্ছে।

অডিটরিয়ামে পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবার পর ঐ দিন অর্থাৎ ১০/০৩/২০১৬ইং তারিখ সকল বিভাগে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিভাগীয় পরিচিতি সভা, কোর্স রেজিস্ট্রেশন এবং বিভিন্ন একাডেমিক বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত ভাবে অবহিত করা হবে। ছাত্র-ছাত্রীদের হল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে হলে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ওরিয়েন্টেশন-২০১৬ কে সফল করার লক্ষ্যে সকল অনুষদের ডীন, ইনস্টিটিউট এর পরিচালক, সকল বিভাগীয় প্রধান, সকল পরিচালক, সকল হল প্রভোষ্টগণসহ সম্মানিত শিক্ষকগণ ও উচ্চ পদস্থ (দপ্তর প্রধান) কর্মকর্তাগণকে যথাসময়ে অডিটরিয়ামে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(মোঃ আব্দুর রউফ)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। ডীন, অনুষদসমূহ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, আইআইসিটি/আইডিএম, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। বিভাগীয় পরিচিতি সভা ও একাডেমিক বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ বিভাগের সকল সম্মানিত শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। উক্ত ওরিয়েন্টেশন সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোষ্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।

(জি এম শহিদুল আলম)

ডেপুটি রেজিস্ট্রার